



গোপালগঞ্জ পৌরসভা কার্যালয়

গোপালগঞ্জ।

www.gopalganjpourashava.org

স্মারক নং- গোঃপৌঃ/সাঃ-৩৭২/২০২৪-২৫/

তারিখঃ

গোপালগঞ্জ পৌর পরিষদের ২৭ নং সাধারণ সভার কার্য-বিবরণী

সভাপতি	:	জনাব আজহারুল ইসলাম প্রশাসক, গোপালগঞ্জ পৌরসভা।
স্থান	:	পৌরসভা সম্মেলন কক্ষ।
তারিখ	:	২৮ আগস্ট ২০২৪ ইং।
সময়	:	বেলা ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত কাউন্সিলরদের নাম (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট “ক” এবং কর্মকর্তা/কর্মচারীদের নাম পরিশিষ্ট “খ”তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন পৌরসভা একটি সেবা মূলক প্রতিষ্ঠান। তিনি স্বাস্থ্য সেবা, পরিষ্কার পরিচ্ছন্নতা এবং পানি সরবরাহের ব্যাপারে তৎপর হওয়ার জন্য উপস্থিত সকল কাউন্সিলর ও কর্মকর্তাগণকে অনুরোধ করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য সূচী : ১

পরিষ্কার পরিচ্ছন্নতা প্রসঙ্গে।

আলোচনাঃ গোপালগঞ্জ পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা সভায় জানান গোপালগঞ্জ পৌরসভায় ১৫ টি ওয়ার্ডে ১১৯ জন দৈনিক হাজিরা ভিত্তিতে পরিষ্কার পরিচ্ছন্নতার কাজ করে থাকেন এবং ৫৭ জন মাসিক পারিশ্রমিকের ভিত্তিতে চুক্তিভিত্তিক পরিচ্ছন্ন কর্মী বিভিন্ন জায়গায় কাজ করে থাকেন। কাউন্সিলরদের এক প্রশ্নের জবাবে তিনি জানান প্রধান প্রধান সড়কের পরিচ্ছন্নতার জন্য পরিচ্ছন্ন কর্মীর দ্বারা কাজ পরিচালনা করা হয়। কাউন্সিলর শরিফুল ইসলাম কোন কোন ওয়ার্ডে কতজন করে পরিচ্ছন্ন কর্মী কাজ করে থাকে তার তালিকা দাখিল করার প্রস্তাব রাখেন। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে ওয়ার্ড ভিত্তিক পরিষ্কার পরিচ্ছন্ন কর্মীর তালিকা পরবর্তী সভায় উত্থাপন করার সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

বাস্তবায়নে: পৌর নির্বাহী কর্মকর্তা/কঞ্জারভেন্সী ইন্সপেক্টর, গোপালগঞ্জ পৌরসভা।

আলোচ্য সূচী : ২

অবৈধ সংযোগ বিচ্ছিন্ন প্রসঙ্গে।

আলোচনাঃ গোপালগঞ্জ পৌরসভার পানি সরবরাহ শাখার উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) সভায় জানান পৌর এলাকায় কিছু কিছু পানির গ্রাহক অবৈধ সংযোগ গ্রহন পূর্বক পানি ব্যবহার করছেন। এতে করে পানির স্বল্পতা দেখা যাচ্ছে। উক্ত অবৈধ সংযোগ এর ব্যাপারে সিদ্ধান্ত গ্রহন করা আবশ্যিক। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে যে সকল গ্রাহকের অবৈধ সংযোগ রয়েছে তাদের তালিকা প্রস্তুত করে সংযোগ বিচ্ছিন্ন করার সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া উক্ত অবৈধ সংযোগ গ্রহনকারী গ্রাহকগণ যদি তাদের পানির সংযোগ রাখতে চায় তাহলে ৪ মাসের সমপরিমাণ বিল পরিশোধ পূর্বক তাদের সংযোগ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ), পানি সরবরাহ শাখা, গোপালগঞ্জ পৌরসভা।

চলমানপাতা-০২